

ঝটপটানি

বিনায়ক বন্দ্যোপাধ্যায়

জীবনটহি তো খেলনা কিন্তু খেলার জন্য নয়
বৃষ্টি এসে শর্টি খুলে দেয়, প্যান্ট খুলে দেয় ভয়

তারপরও যে দরজা খোলে, তাকেই বলি বীর
নিজের জোরে চাকরি পায় সে, লাগে না তদ্বির

লাগে রাতের ওয়ুধ, লাগে দিনের দানাপানি
খাঁচার ভিতর অচিন পাখির ডানার ঝটপটানি

দুর থেকে কান পাতলে পরে যেন কুঝিকঝিক
পরিস্থিতি নিয়ন্ত্রণে, সকল স্বাভাবিক

কেবলমাত্র দমচাপা সেই বন্ধ গলির হওয়া
একতলার ওই জানলাটাকে ভালবেসে নিচু

মোমবাতি যার ঘর হয়েছে, আঙনই তার দাওয়া
আমায় দিও তোমার মনে রাখার মতো কিছু!